অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/28/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল চালকহীন বিমানের জন্য দেশের-সর্বপ্রথম 5G পরীক্ষামূলক নেটওয়ার্ক আয়োজন করার জন্য নিউ ইয়র্কের 50-মাইল ড্রোন করিডোরের ঘোষণা করেছেন

MITRE প্রবৃত্তি ওপেন জেনারেশন 5G কনসোর্টিয়াম NUAIR পরিচালিত সাইরাকুজ থেকে রোম করিডোরে 5G চালকহীন বিমান ব্যবস্থার পরীক্ষামূলক নেটওয়ার্ক ইনস্টল করবে

5G নেটওয়ার্ক স্টেটের প্রায় $70 মিলিয়ন বিনিয়োগের উপর স্থাপিত, যা চালকহীন বিমান ব্যবস্থায় নিউ ইয়র্ককে একটি বিশ্বব্যাপী নেতার স্থানে আসীন করেছে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে MITRE প্রবৃত্তি ওপেন জেনারেশন 5G কনসোর্টিয়াম সাইরাকুজ ও রোমের মধ্যে অবস্থিত নিয় ইয়র্ক স্টেটের 50-মাইল চালকহীন বিমান ব্যবস্থার করিডোরে 5G নিয়ে আসবে। ওপেন জেনারেশন নির্ধারণ করেছে যে এই করিডোরটি দেশের প্রথম 5G চালকহীন বিমান ব্যবস্থা পরীক্ষা করার রেঞ্জ চালু করার একটি প্রধান অবস্থান, এটি এমন একটি উপাধি যা এই উদীয়মান প্রযুক্তি বিভাগে একটি বিশ্বব্যাপী নেতা হিসেবে নিউ ইয়র্কের স্থান অত্যন্ত বর্ধিত করবে।

গভর্নর হোচুল বলেন, "আমাদের ড্রোন করিডোরকে দেশের প্রথম 5G চালকহীন বিমান ব্যবস্থা পরীক্ষা করার রেঞ্জ চালু করার জন্য নির্বাচিত হয়ে আমাদের স্টেটের স্থান – বিশেষকরে সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালি অঞ্চলের – এই আধুনিকতম প্রযুক্তির জন্য মার্কেটে বিশ্বব্যাপী নেতা হিসেবে আরো সুদৃঢ় করেছে।" "ড্রোন করিডোরে আমাদের ক্রমাগত বিনিয়োগের মাধ্যমে, আমরা আগামী প্রজন্মের জন্য আমাদের আঞ্চলিক অর্থনীতি শক্তিশালী ও উন্নত করছি।"

NUAIR, একটি নিউ ইয়র্কে অবস্থিত অলাভজনক সংস্থা যারা চালকহীন বিমান ব্যবস্থায় বিশেষজ্ঞের মতামত প্রদান করে এবং ওপেন জেনারেশনের একটি সদস্য, তারা নিউ ইয়র্কের 50-মাইল চালকহীন বিমান ব্যবস্থা করিডোর পরিচালনা করে এবং চালকহীন বিমান ব্যবস্থা, যা (unmanned aircraft systems, UAS) নামেও পরিচিত, তাতে 5G উদ্ভাবনের অগ্রগতিতে একটি গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। NUAIR থেকে সমন্বয়ের সাথে, করিডোরটি 5G চাক্ষুষ-সীমার-বাইরের-স্থান পরীক্ষা করা এবং দীর্ঘ পরিসীমার ফ্লাইট পথ – নিরাপদ ও সুরক্ষিত চালকহীন বিমান ব্যবস্থার বাণিজ্যিকীকরণ করার জন্য গুরুত্বপূর্ণ একটি ক্ষমতা - তার জন্য নিবেদিত 100 বর্গ মাইলের চেয়ে বেশী একটি পরীক্ষামূলক হাবও অন্তর্ভুক্ত।

নিউ ইয়র্ক স্টেট 2016 সালে $30 মিলিয়ন বিনয়োগ করে সাইরাকুজ ও রোমে গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরের মধ্যে 50-মাইল ফ্লাইট ট্রাফিক পরিচালনা ব্যবস্থা তৈরী করে উদ্ভাবনের প্রথম সারিতে ড্রোন ও ব্যবসার জন্য নিজেকে দেশের প্রিমিয়ার গন্তব্যস্থল হিসেবে প্রতিষ্ঠা করেছে। সর্বমোটে, স্টেট সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালিতে চালকহীন বিমান ব্যবস্থা শিল্পের অগ্রগতির জন্য গত পাঁচ বছর ধরে প্রায় $70 মিলিয়ন বিনিয়োগ করেছে।

নিউ ইয়র্কের তার ড্রোন করিডোরের জন্য 5G প্রযুক্তি পাওয়া স্টেটের জন্য এই বিভাগের বিরামহীন উন্নয়নের জন্য একটি নতুন মাইলফলক চিত্রিত করে। এই করিডোরের ভিতরে, কৌশলগত বিনিয়োগ কৃষিকাজ ও বন পরিচালনা, পরিবহন ও সরবরাহ, মিডিয়া ও ফিল্ম তৈরী করা, ইউটিলিটি ও পরিকাঠামো, এবং জন নিরাপত্তা সহ, মুখ্য শিল্পগুলিতে উদীয়মান ব্যবহারগুলিকে সমর্থন করে শিল্পের বৃদ্ধিকে ত্বরান্বিত করছে।

"উদ্ভাবনী প্রযুক্তি এবং আগামী দিনে চাকরি তৈরী করবে এমন উদীয়মান শিল্পগুলিকে সমর্থন করাই হল ESD-এর মিশনের মূল লক্ষ্য। এজেন্সি এবং আমাদের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উভয়েই সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালিতে UAS শিল্প গড়ে তোলার উপর ভীষণভাবে দৃষ্টি স্থাপন করেছে,"**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট চিফ অপারেটিং অফিসার এবং একজিকিউটিভ ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন**। "নিউ ইয়র্কের ড্রোন করিডোরের জন্য MITRE-এর দেশের-সর্বপ্রথম 5G প্রযুক্তি পাওয়া নিউ ইয়র্ক স্টেটে এই বিভাগের বিরামহীন উন্নয়নের জন্য একটি নতুন মাইলফলক চিত্রিত করে।"

"নিউ ইয়র্ক হবে একটি ফরমায়েশ করা 5G নেটওয়ার্কের সাথে প্রথম FAA-মনোনিত UAS পরীক্ষামূলক সাইট," **NUAIR এর CEO কেন স্টেওয়ার্ট বলেন**। "শিল্পমহল একটি FAA ও FCC অনুমোদিত যোগাযোগের নেটওয়ার্কের খোঁজ করছে যার কাছে নিরাপদে বাণিজ্যিক ড্রোনের কাজ করার জন্য প্রয়োজনীয় ক্ষমতা ও বিশ্বস্ততা আছে। 5G মাপযোগ্য, অর্থনৈতিকভাবে টেকসই ড্রোন কার্যকলাপ আনলক করার প্রতিশ্রুতি রাখে এবং আমরা আত্মবিশ্বাসী যে নিউ ইয়র্কে আমাদের কাজ UAS শিল্পের জন্য 5G একটি উপযুক্ত সমাধান কিনা তা নির্ধারণ করায় সাহায্য করবে।"

"এই দেশের-সর্বপ্রথম 5G UAS পরীক্ষা করার রেঞ্জটি বাণিজ্যিক UAS সমাধানগুলির অগ্রগতি করবে এবং 5G-এর রূপান্তরমূলক সম্ভাবনাকে প্রদর্শন করবে," **বলেন MITRE ল্যাবের সিনিয়ার ভাইস প্রেসিডেন্ট, জেনারেল ম্যানেজার, এবং চিফ ফিউচারিস্ট, চার্লস ক্লান্সি।** "এই উদ্যোগটি আমাদের দেশের বিকাশ এবং উন্নত টেলিযোগাযোগ প্রযুক্তির বিস্তৃতি ত্বরান্বিত করার জন্য MITRE-এর একটি গুরুত্বপূর্ণ অংশ।"

সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালি অঞ্চল উভয়ের কাছেই উন্নত 5G পরীক্ষা করার পরিচালনা করার জন্য প্রয়োজনীয় বিশ্বের অগ্রণী UAS ইকোসিস্টেম ও প্রযুক্তি, সম্পদ, এবং অর্থনৈতিক উদ্দীপনা আছে। মার্কিন যুক্তরাষ্ট্রের বিমান বাহিনী 2015 সাল থেকে সাইরাকুজ বিমানবন্দর থেকে সক্রিয়ভাবে বিশাল, চালকহীন বিমান উড়ানোর কাজ করছে এবং শহরটি ইতিমধ্যে একটি 5G যোগাযোগ নেটওয়ার্ক সমর্থন করতে সক্ষম 'স্মার্ট' রাস্তার আলোর সাথে

তাদের রাস্তার আলোগুলিকে প্রতিস্থাপন করে, ড্রোন এবং 5G প্রযুক্তির ‘চতুর্থ বিপ্লবের’ জন্য প্রস্তুতি শুরু করে দিয়েছে।

রোম হল নিউ ইয়র্ক স্টেট চালকহীন বিমান ব্যবস্থা পরীক্ষা করার সাইট (New York State Unmanned Aircraft Systems Test Site)এর জন্য প্রধান কার্যালয়, যা মার্কিন যুক্তরাষ্ট্রের সাতটি FAA-মনোনিত চালকহীন বিমান ব্যবস্থা পরীক্ষা করার সাইটের মধ্যে একটি। ওনেইডা কাউন্টি অধিকৃত এবং NUAIR পরিচালিত, এই সাইটটি রোমে গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরে একটি উচ্চশ্রেণীর যন্ত্রপাতিচালিত চালকহীন বিমান ব্যবস্থা পরীক্ষা কেন্দ্র নিয়ে গঠিত এবং রোম থেকে সাইরাকুজের মধ্যে নিউ ইয়র্কের 50-মাইল চালকহীন বিমান ব্যবস্থার ট্রাফিক পরিচালনা করার একটি অংশ।

পরীক্ষা করার সাইটটি গ্রিফিস বিজনেস ও টেকনলজি পার্ক, যেখানে বিশাল সংখ্যক সাইবার নিরাপত্তা, কোয়ান্টাম কম্পিউটিং, উৎপাদন ও আরো অনেক কিছুতে উচ্চ-প্রযুক্তির, বিশ্বের-অগ্রণী কোম্পানির প্রধান কার্যালয় আছে, সেই ক্রমশ-বর্ধিষ্ণু, 3,500 একরের পার্কের একটি অংশ। স্কাই ডোম গ্রিফিসে পরীক্ষা করাকে পরিপূরণ করবে, সারা বছরব্যাপী, কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক ফ্লাইট নিয়ন্ত্রণ ও ঝাঁকে ঝাঁকে স্বয়ংক্রিয় ছোট ড্রোনগুলি সহ, উন্নত ড্রোন প্রযুক্তির ভিতর পরীক্ষা প্রদান করে।

টেলিযোগাযোগ শিল্পে অনেকেই চালকহীন বিমান ব্যবস্থার কাজকর্মের জন্য আদর্শ ব্যাপ্তি হিসেবে 5G কে বিবেচনা করে এবং 400 ফুটের কম আকাশসীমা – বাণিজ্যিক ড্রোন কাজকর্মের জন্য সাধারণত ব্যবহৃত আকাশসীমা – তার মধ্যে বিমানপোত বাহিত ব্যবহারের জন্য FAA ও FCC-এর দ্বারা এটি অনুমোদন করার অপেক্ষায় আছে। ড্রোন ওড়ানোর জন্য ব্যবহৃত অন্য লাইসেন্সবিহীন ব্যাপ্তিগুলির ব্র্যান্ড হল ব্লুটুথ ও ওয়াই-ফাই, কিন্তু এগুলি নিরাপদ, দীর্ঘ পরিসীমার ড্রোন কাজকর্মের জন্য যথেষ্ট বিশ্বস্ত নয়।

নিউ ইয়র্কে 5G পরীক্ষা করা FAA ও FCC-এর কাছে এটি প্রমাণ করতে সাহায্য করবে যে 5G সেলুলার নেটওয়ার্ক বিমানচালনার গ্রহণযোগ্য নিরাপত্তা সংক্রান্ত প্রয়োজনীয়তাগুলি পূরণ করে, যেমনটি একটি তার সম্বলিত যোগাযোগ বা এক বিন্দু-থেকে-অপর-বিন্দুতে করা রেডিও সংযোগের জন্য প্রয়োজন।

MITRE প্রবৃত্তি ওপেন জেনারেশন 5G কনসোর্টিয়াম এমনসব 5G চ্যালেঞ্জগুলি যা কোনো একটি কোম্পানি একা সমাধান করতে পারে না তার জন্য মার্কেটের নেতা, উদ্ভাবনী স্টার্টআপ, শিল্প সমিতি, শিক্ষাবিদ, ও সরকারি সংযোগকে একসাথে নিয়ে আসে। এই 5G গবেষণা ও উন্নয়ন সহযোগিতা জরুরি অবস্থায় প্রতিক্রিয়া, পরিকাঠামো নিরীক্ষণ, প্যাকেজ ডেলিভারি, এবং সম্পদ পরিচালনার মতো ক্ষেত্রে, প্রজন্মের পর প্রজন্ম প্রযুক্তিগত প্রভাব তৈরী করার পাশাপাশি বিশাল অর্থনৈতিক মূল্য আনলক করে, ব্যবহার-কেস কেন্দ্রিক বিকাশের সাথে 5G উদ্ভাবনের পেরিয়ে চালকহীন বিমান ব্যবস্থা চালনা করছে।

NUAIR জোট অংশীদাররা – নিউ ইয়র্ক, মিশিগান, ম্যাসাচুসেটস, ড্রোনরেস্পন্ডার্স, হোমল্যান্ড সিকিউরিটির স্টেট বিভাগ এবং এমার্জেন্সি সার্ভিসেস সহ- মাপযোগ্য চালকহীন বিমান ব্যবস্থা

কাজকর্মের জন্য সংযোজক 5G নেটওয়ার্কের বাস্তবতার অগ্রগতিতে সাহায্য করবে। চালকহীন বিমান ব্যবস্থা মহাশূন্যে 5G প্রযুক্তির নিরাপত্তা, বিশ্বস্ততা, ও ক্ষমতা প্রমাণ করে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগ (U.S. Department of Defense) এর মতো সরকারি এজেন্সিগুলি সহ বহু অন্যান্য বেসরকারি ও সরকারি বিভাগগুলিতে 5G ব্যবহার করার ক্ষমতা প্রমাণ করবে।

সেনেটার রেচেল মে বলেছেন, "ড্রোনের সাথে জোড় বাঁধা 5G প্রযুক্তির বহু সম্ভাব্য সুবিধাজনক ব্যবহার আছে। এই প্রযুক্তির পরিকাঠামো তত্ত্বাবধান, সৌর প্রযুক্তি লাগানো, জিনিসপত্র আরো দ্রুত ও কার্যকরভাবে ডেলিভারি করা, এবং আরো অনেক কিছুর জন্য ড্রোনের বিস্তৃতি দারুণভাবে উন্নত করার সম্ভাবনা আছে। আমাদের অঞ্চলে বিনিয়োগকারীদের থেকে হওয়া বিরামহীন বিনিয়োগ দেখে উত্তেজিত লাগছে।"

সেনেটার জোসেফ গ্রিফো বলেন, "আমি আনন্দিত যে MITRE প্রবৃত্তি ওপেন জেনারেশন 5G কনসোর্টিয়াম NUAIR পরিচালিত ড্রোন করিডোরের ভিতরে দেশের প্রথম 5G চালকহীন বিমান ব্যবস্থা পরীক্ষা করার নেটওয়ার্ক স্থাপন করবে। এই অতিরিক্ত সম্পদ মোহক ভ্যালি এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে UAS ও ড্রোন-সম্পর্কিত প্রযুক্তি, নেটওয়ার্ক ব্যবস্থা গড়ে তোলা, সম্প্রসারণ করা এবং অধিকতর বিকাশে সাহায্য করবে।"

সেনেটার জন ডাব্লিউ. ম্যানিয়ন বলেন, "নিউ ইয়র্ক MITRE প্রবৃত্তি এর মতো পরবর্তী প্রজন্মের কোম্পানিগুলির সাথে অংশীদারিত্বের মাধ্যমে UAS গবেষণা ও উন্নয়নে তার নেতৃত্বের স্থানটি বৃদ্ধি করা অব্যাহত রেখেছে। আমাদের অঞ্চলটির দেশের প্রথম 5G UAS পরীক্ষা করার রেঞ্জের আয়োজন করার সাথে, সেন্ট্রাল নিউ ইয়র্কবাসীরা এখন একটি বিশ্বব্যাপী শিল্পে প্রতিদ্বন্দ্বীতা করা – এবং তাতে জেতার – পাশাপাশি অগ্রণী প্রযুক্তিগুলি গড়ে তুলছে, নির্মাণ করছে, পরীক্ষা করছে, এবং মার্কেট করার জন্য নিয়ে আসছে। গভর্নর ক্যাথি হোচুল, MITRE, এবং ESD কে নিউ ইয়র্ক আপস্টেটের জন্য আপনাদের অংশীদারিত্ব এবং সহায়তার জন্য ধন্যবাদ।"

অ্যাসেম্বলিম্যান এবং পরিবহন কমিটির চেয়ারম্যান উইলিয়াম মাগনারেল্লি বলেন, "নিউ ইয়র্ক স্টেট ড্রোন করিডোর এই আধুনিকতম প্রযুক্তির বাজারে নিজেকে একজন বিশ্বব্যাপী-নেতা হিসেবে প্রতিষ্ঠিত করেছে। করিডোরে 5G কে নিয়ে আসা সহ, এই এলাকায় বিরামহীন বিনিয়োগ, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালিতে এই ব্যবসাগুলির অগ্রগতির সুযোগ বৃদ্ধি করবে, যাতে ড্রোন করিডোর ব্যবসাগুলি এই শিল্পে উদ্ভাবনের সামনের সারিতে তাদের স্থান বজায় রাখতে পারে।"

অ্যাসেম্বলিউওম্যান পামেলা হান্টার বলেন, "নিউ ইয়র্কের UAS শিল্পকে সমর্থনকারী পরিকাঠামোয় বিরামহীন বিনিয়োগ নিশ্চিত করবে যে CNY আগামী বহু বছরের জন্য এই ক্ষেত্রে অগ্রণী ভুমিকা নেবে। 5G নেটওয়ার্কগুলির ভিতরে UAS প্রযুক্তির পরীক্ষা করে, আমরা এই শিল্পের ভবিষ্যতের জন্য প্রস্তুতি নিচ্ছি এবং তা তৈরী করছি। আমি এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি সহজতর করার জন্য গভর্নর হোচুলের প্রশংসা করি এবং আমাদের অঞ্চলকে এমনকি আরো বড় উদ্ভাবনী কেন্দ্র হিসেবে গড়ে উঠতে দেখার সাগ্রহ প্রতীক্ষায় আছি।"

অ্যাসেম্বলিউওম্যান ম্যারিয়ান বাচেনস্কন বলেন, "বিশ্বস্ত কর্মিহীন বিমান ব্যবস্থাগুলি এই ক্ষেত্রের আধুনিকতম বিকাশ নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ এবং মোহক ভ্যালি ও সমগ্র স্টেট জুড়ে ব্যবসাগুলিকে সহায়তা করার জন্য ব্যবহৃত হতে পারে। 5G গবেষণা, যা আমাদের দীর্ঘ সময়ের ফ্লাইট পথ এবং চাক্ষুষ দৃষ্টি পেরিয়ে নিরাপদে ড্রোন কাজ করানোর অনুমতি দেবে, সেটি ড্রোন শিল্পকে প্রভূত পরিমাণে অগ্রসর করবে এবং বাস্তবমুখী প্রয়োগের সীমা সম্প্রসারণ করবে। আমি মোহক ভ্যালির উদীয়মান UAS শিল্পকে সমর্থন করার জন্য স্টেটের নেতা, স্থানীয় আধিকারিক, এবং কমিউনিটির অংশীদারদের সাথে কাজ করা চালিয়ে যাব।"

ওননদাগা কাউন্টির একজিকিউটিভ রায়ান ম্যাকমোহন বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্ক চালকহীন বিমান ব্যবস্থা এবং উচ্চ-প্রযুক্তির উদ্ভাবনে একটি বিশ্বব্যাপী নেতা হয়ে ওঠা চালিয়ে যাচ্ছে। 5G প্রযুক্তি প্যাকেজ ও মেডিকেল ডেলিভারির মতো উন্নত ড্রোন কাজকর্মের বাস্তবতা সক্ষম করার প্রতিশ্রুতি রাখে এবং আমি উত্তেজিত যে সেন্ট্রাল নিউ ইয়র্ক পথ দেখাচ্ছে।"

ওনেইডা কাউন্টির একজিকিউটিভ অ্যান্থনি জে. পিসেন্তে জুনিয়ার বলেন, "আমি আনন্দিত যে অনেইডা কাউন্টির UAS পরীক্ষা করার সাইটটি দেশের প্রথম 5G UAS পরীক্ষার রেঞ্জ হিসেবে নির্বাচিত হয়েছে এবং আমি এই প্রকল্পটির UAS যোগাযোগে রাখা ইতিবাচক প্রভাবের জন্য সাগ্রহে অপেক্ষায় আছি। গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরে আমাদের পরীক্ষা করার সাইটটি শিল্পের গবেষণা, উন্নয়ন ও উদ্ভাবনের সামনের সরিয়ে থাকা অব্যাহত রেখেছে এবং আজকের ঘোষণা সাইরাকুজ পর্যন্ত আমাদের 50-মাইলের স্থিতিকে এমনকি আরো মহান উচ্চতায় পৌঁছে দেবে। আমি আমাদের সম্ভাবনাকে স্বীকৃতি দেওয়ার জন্য MITRE প্রবৃত্তি ওপেন জেনারশন কনসোর্টিয়াম কে এবং NUAIR-এ আমাদের অংশীদারদের তাদের অব্যাহত সহায়তা ও নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই।"

সাইরাকুজের মেয়র বেন ওয়ালশ বলেন, "UAS করিডোরে 5G এর অন্তর্ভুক্তি সাইরাকুজের নেতৃত্বে অতি-উচ্চ গতির ওয়্যারলেস প্রযুক্তি যোগ করেছে। সারাকুজ শহরে 5G ওয়্যারলেস নেটওয়ার্কের বাস্তবায়ন 175টিরও বেশী 5G সাইট স্থাপন করার সাথে ইতিমধ্যে অনেকটাই এগিয়ে ফেলেছে। শহরের দক্ষিণ দিকে, নির্মাণকাজ এগিয়ে চলছে এবং 5G সরঞ্জামের জন্য একটি প্রযুক্তি নির্মাণ কারখানায় শীঘ্রই নিয়োগ শুরু করা হবে। শহরের বাসিন্দা ও ব্যবসাগুলির জন্য সবচেয়ে দ্রুতগতির ওয়্যারলেস পরিষেবা উপলভ্য করা নতুন অর্থনীতিতে অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধির জন্য আমাদের সাইরাকুজ সার্জ কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ। আমি সাইরাকুজ ও রোমের মধ্যে দেশের প্রথম 5G UAS পরীক্ষা করার রেঞ্জ তৈরী করে সহায়তা ও বিনিয়োগের জন্য গভর্নর হোচুল, এম্পায়ার স্টেটমেন্ট ডেভেলপমেন্ট ও MITRE প্রবৃত্তি ওপেন জেনারেশন 5G কনসোর্টিয়ামকে ধন্যবাদ জানাই।"

রোমের মেয়র জ্যাকলিন এম. ইজো বলেন, "50-মাইল ড্রোন করিডোর বরাবর 5G ক্ষমতা প্রতিষ্ঠা করার জন্য গ্রিফিস UAS পরীক্ষা করার সাইটকে নির্বাচন করা এই প্রযুক্তিকে অগ্রসর করার জন্য নিউ ইয়র্ক স্টেট ও স্থানীয় সরকারগুলির নেওয়া আর্থিক প্রতিশ্রুতিগুলির আরও একটি উদাহরণ। NUAIR এবং তার অংশীদাররা বারবার প্রমাণ করেছে যে তারা করিডোর বরাবর বড় মাপের UAS গবেষণা ও উন্নয়ন সম্পন্ন করতে সক্ষম, যা সারা মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে UAS-এর অগ্রগতিতে একটি পার্থক্য তৈরী করছে এবং 5G এর সংযোজন সেইসব R&D

ক্ষমতাগুলিকে শুধুমাত্র গ্রিফিস পরীক্ষা সাইটেই নয়, বরং সাইরাকুজের সমগ্র 50 মাইল ড্রোন করিডোর জুড়েও আরো বিস্তৃত করবে।”

MITRE প্রবৃত্তি সম্পর্কে

জনসাধারণের ভালোর জন্য MITRE-এর প্রযুক্তিগত ভিত্তি হিসেবে, MITRE প্রবৃত্তি হুমকি-রয়েছে এমন সাইবারনিরাপত্তা, ডিজিটাল স্বাস্থ্য, সুরক্ষিত মাইক্রোইলেকট্রনিক্স, কোয়ান্টাম সেন্সিং, এবং পরবর্তী প্রজন্মের যোগাযোগের ব্যবহার কেস উদ্ভাবন সহ, বড় মাপের গভীর প্রযুক্তিগত বিনিয়োগ ও সম্পাদনের মাধ্যমে পরিকাঠামের অধ্যবসায় ও অর্থনৈতিক স্থিতিশীলতার উপর দৃষ্টি স্থাপনকারী জনস্বার্থ সংক্রান্ত সমাধানগুলি প্রদান করার জন্য সারা দেশের চ্যালেঞ্জের উপর বেসরকারি বিভাগের সাথে সহযোগিতা করেছে।www.mitre-প্রবৃত্তি.org

NUAIR সম্পর্কে

উত্তরপূর্ব UAS আকাশসীমা একীভবন গবেষণা জোট নিগম(Northeast UAS Airspace Integration Research Alliance Inc.), বা NUAIR, হল নিউ ইয়র্কে অবস্থিত একটি অলাভজনক সংস্থা যা চালকহীন বিমান ব্যবস্থার কাজকর্ম, বিমানচলাচল সংক্রান্ত গবেষণা, নিরাপত্তা পরিচালনা এবং পরামর্শদান পরিষেবায় বিশেষজ্ঞের মতামত প্রদান করে। NUAIR নিউ ইয়র্কের 50-মাইল UAS করিডোর এবং অ্যাডভান্সড এয়ার মোবিলিটি প্রুভিং গ্রাউন্ডের বিরামহীন অগ্রগতির জন্য দায়ী, এটি চাক্ষুষ সীমা পেরিয়ে পরীক্ষা করা এবং বাণিজ্যিক ড্রোন কাজকর্মকে সহজতর করে। NUAIR-এর প্রধান কার্যালয় সাইরাকুজে, এটি NY-এর রোমে গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরে FAA-মনোনিত নিউ ইয়র্ক চালকহীন বিমান ব্যবস্থা পরীক্ষার সাইটের কাজকর্ম পরিচালনা করে, এবং চালকহীন বিমান ব্যবস্থা ও বাতাসের উন্নত সজীবতা পরীক্ষা করার জন্য কাজকর্ম সম্পন্ন করতে FAA ও NASA-এর কাছে দায়ী। আরো জানতে দেখুনwww.nuair.org।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানেwww.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন